

**AKASHVANI(Kolkata)**  
**Regional News Unit**

**Date: 28-11-2025**

**Desk in Charge : SDG**

**Time : 1-40P.M.**

**Compiling : Shankar Mukherjee**

**DEO : KB**

**NRT : Prabir B.**

**Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-**

\*\*\*\*\*

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর সহ বিভিন্ন বিষয় নিয়ে কথা বলতে তৃণমূল কংগ্রেসের এক সংসদীয় প্রতিনিধি দল আজ মুখ্য নির্বাচনী কমিশনার জ্ঞানেশ কুমারের সহ কমিশনের সঙ্গে বৈঠক করেন।

কমিশনের কাছে তাঁরা পাঁচটি প্রশ্ন রাখেন বলে সাংসদ ডেরেক ও ব্যায়েন জানান। দু ঘণ্টা ধরে চলা বৈঠকে তাদের করা প্রশ্নে কোনো সদুত্তর পান নি বলে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে জানানো হয়েছে। সাংসদ শতাব্দী রায় বলেছেন, বৈঠক চলাকালীন মুর্শিদাবাদের খড়গামে এক বিএলও-র মৃত্যুর খবর আসায় তাঁরা তা কমিশনকে জানিয়েছেন এবং এস আই আর নিয়ে তাদের আপত্তি সবিস্তারে ব্যাখ্যা করেছেন। কিন্তু কমিশন কোনো সদুত্তর দেয় নি বলে শ্রীমতি রায়ের অভিযোগ।

\*\*\*\*\*

নতুন ভোটাররা এবার থেকে অফলাইনে ভোটার তালিকায় নাম তুলতে পারবেন না।

শুধুমাত্র অনলাইনেই নাম তোলা যাবে। ৬ নম্বর ফর্ম- পূরণ করে নতুন ভোটাররা নাম তুলতে পারবেন বলে নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে।

এত দিন পর্যন্ত অফলাইন এবং অনলাইন দুই ভাবেই নাম তোলার আবেদন জানানো যেত। কমিশন সূত্রে খবর, বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী এস আই আর চলাকালীন সেই প্রক্রিয়ায় পরিবর্তন করা হয়েছে। আপাতত অফলাইন নয়, অনলাইনেই নাম তুলতে হবে। আর এই অনলাইনে নাম তোলার ক্ষেত্রে আধার কার্ড বাধ্যতামূলক।

কমিশন জানিয়েছে, যে হেতু 'ই-সাইন'-এর প্রয়োজন। তাই আধার কার্ডের মাধ্যমে ওটিপি দিয়ে তা করা হবে।

উল্লেখ্য, আগামী ৯ ডিসেম্বর নিবিড় সংশোধনের খসড়া তালিকা প্রকাশ করবে কমিশন। তার পরেই তালিকায় নাম তুলতে আবেদন করতে পারবেন নতুন ভোটাররা।

\*\*\*\*\*

বিধানসভা নির্বাচনের আগে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরকে আরও বেশি আর্থিক ক্ষমতা দেওয়া হয়েছে। অর্থ দফতরের জারি করা এক নির্দেশিকা অনুযায়ী, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক এখন থেকে প্রশাসনিক ব্যয় এবং অভ্যন্তরীণ প্রকল্প সংক্রান্ত খরচ মণ্ডুর করার ক্ষেত্রে অতিরিক্ত মুখ্য সচিব ও দফতরের প্রধান সচিবের সমান ক্ষমতা পাবেন। এর ফলে নির্বাচনী দফতরের কাজকর্মে গতি বাড়বে এবং খরচ মণ্ডুরির জন্য অন্যান্য দপ্তরের মুখাপেক্ষী হয়ে থাকতে হবে না। নির্দেশিকায় আরো জানানো হয়েছে, সিইও-র অফিসে আর্থিক ক্ষমতার পুনর্বিন্যাস নিয়ে দীর্ঘদিন ধরে যে আলোচনা চলছিল, তা এখন কার্যকর করা হল। ১৩ নভেম্বরের বিজ্ঞপ্তিতে রাজ্যপাল ইতিমধ্যেই এই সিদ্ধান্তে সম্মতি দিয়েছেন।

\*\*\*\*\*

উত্তর ২৪ পরগণার ঠাকুরনগরে ঠাকুরবাড়িতে কেন্দ্রীয় জাহাজ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুরের উপস্থিতিতে আজ তৃণমূলের প্রায় ৩০০ থেকে ৪০০ জন কর্মী বিজেপিতে যোগদান করেন। বনগাঁ সাংগঠনিক জেলার বিভিন্ন প্রান্ত থেকে কর্মীরা এদিন পতাকা হাতে বিজেপিতে সামিল হন। যোগদান পর্বে শান্তনু ঠাকুর বলেন, “যারা আজ বিজেপিতে এসেছেন তারা বুঝতে পেরেছেন, মমতা ব্যানার্জি তাদের জন্য কিছুই করেননি। তাই মানুষের আস্থা এখন পরিবর্তনের দিকে। তিনি আরও জানান, যোগদানকারীদের মধ্যে

অধিকাংশই মতুয়া সম্প্রদায়ের মানুষ, যারা উন্নয়ন ও ন্যায়ের স্বার্থে বিজেপিকে বেছে নিয়েছেন।

\*\*\*\*\*

দক্ষিণ ২৪ পরগণার সরিষায় কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদারের গাড়ি ঘিরে বিক্ষোভের পেছনে ত্রণমূল কংগ্রেসের হাত রয়েছে বলে অভিযোগ উঠেছে। গতকাল কেন্দ্রীয় শিক্ষা প্রতিমন্ত্রী এলাকায় যেতেই তাঁর গাড়ি ঘিরে গো ব্যাক স্লোগান দেওয়া হয়। ঘটনাকে কেন্দ্র করে বেশ কিছু সময়ের জন্য এলাকায় উত্তেজনা ছড়ায়। সুকান্ত বাবু বলেন, বিজেপির কর্মী সেজে শাসক দলের লোকেরাই এই বিক্ষোভের পেছনে রয়েছে।

\*\*\*\*\*

কেন্দ্রীয় নতুন সংশোধিত ওয়াকফ আইন মেনে রাজ্যে থাকা ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত যাবতীয় তথ্য কেন্দ্রীয় পোর্টালে আপলোড করার জন্য রাজ্য সরকার নির্দেশ দিয়েছে। আগামী বৃহস্পতিবার ৫'ই ডিসেম্বরের মধ্যে এই কাজ সম্পূর্ণ করতে হবে বলে রাজ্যের সংখ্যালঘু ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের সচিব পি বি সেলিম, সব জেলার জেলাশাসককে নির্দেশ দিয়েছেন বলে নবান্ন সূত্রের খবর।

উল্লেখ্য, রাজ্য আট হাজারের'ও বেশী ওয়াকফ এস্টেটের অধীনে ৮২ হাজারের'ও বেশী ওয়াকফ সম্পত্তি রয়েছে। গত ৮'ই এপ্রিল সংসদে ওয়াকফ সম্পত্তি সংক্রান্ত নতুন সংশোধনী পাশ হওয়ায় নতুন আইনটি কার্যকর হয়েছে।

\*\*\*\*\*

বিশ্ববিদ্যালয় মঞ্চুরী কমিশন UGC, উচ্চ শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে শিক্ষাক্রমের ক্যালেন্ডার মেনে নির্দিষ্ট সময় মেনে পরীক্ষা নেওয়া ও অবিলম্বে ফাইনাল ডিগ্রি ও শংসাপত্র প্রদান

করতে বলেছে। কমিশন জানায়, পরীক্ষা ও ফলাফল ঘোষণায় দেরি হওয়ার ফলে ছাত্র ছাত্রীরা চাকরির ক্ষেত্রে ভালো সুযোগ হারাচ্ছেন। পরীক্ষার ১৮০ দিনের মধ্যে ফলাফল ঘোষণা করতে হবে বলে জানায় UGC।

\*\*\*\*\*

ছাত্র ছাত্রীদের উচ্চ শিক্ষার জন্য রাজ্য সরকারের স্টুডেন্ট ক্রেডিট কার্ড প্রকল্পে খণ্ডের আবেদনের ভিত্তিতে এক লক্ষের বেশি অনুমোদন দেওয়া হয়েছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি জানিয়েছেন। এই প্রকল্পে অনুমোদনের সংখ্যা আজ এক লক্ষ ছাড়িয়ে গিয়েছে বলে তিনি সামাজিক মাধ্যমে উল্লেখ করেছেন। উল্লেখ্য ২০২১ সালের জুন মাসে চালু হওয়া এই প্রকল্পে ছাত্র-ছাত্রীদের খুব কম সুদে দশ লক্ষ টাকা পর্যন্ত খণ্ড দেওয়া হয়।

\*\*\*\*\*

হোয়াইট হাউজের কাছে দুজন নিরাপত্তা কর্মীর ওপর এক আফগান নাগরিক গুলি চালানোর পর, মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প অভিবাসনের বিষয়ে তাঁর সিদ্ধান্ত ঢালাওভাবে রূপায়িত করার কথা ঘোষণা করেছেন। মার্কিন রাষ্ট্রপতির বক্তব্য, তৃতীয় বিশ্বের দেশগুলি থেকে আমেরিকায় অভিবাসনে, স্থায়ীভাবে তিনি বন্ধ করতে চান। ডোনাল্ড ট্রাম্প-এর এই প্রস্তাবিত উদ্যোগ রূপায়িত হলে, শিক্ষা, কাজ, নিরাপত্তা অথবা রাজনৈতিক আশ্রয়ের জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে যেতে আগ্রহী লক্ষ লক্ষ মানুষের ওপর তাৎপর্যপূর্ণভাবে বিরূপ প্রভাব পড়বে।

\*\*\*\*\*

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ৩০শে নভেম্বর(রবিবার) আকাশবাণীতে “মন-কিবাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৮-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দুরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে। নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

\*\*\*\*\*

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, ভগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য [www.newsonair.gov.in](http://www.newsonair.gov.in) -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫'ই ডিসেম্বর।

\*\*\*\*\*